গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নম্বর-৩৪.০১.০০০০.০৪৯.৩৭.০১৬.২৪-১৭

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

# ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের আওতায় "ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ" পরিচালনার নিমিত্ত নিয়োজিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান e-Learning & Earning Ltd. 7 South Kollayanpur, Mirpur Road, Dhaka-1207 কর্তৃক পরিচালিত আগামী ১ অক্টোবর ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ৩ মাস (দৈনিক ৮ ঘন্টা) মেয়াদী ৬০০ ঘন্টা ব্যাপী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তির জন্য নির্ধারিত ৪৮টি জেলার ১৮ হতে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কর্মপ্রত্যাশী যুব ও যুব নারীর নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**জেলা সমূহঃ**
**ঢাকা বিভাগঃ** নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, **ময়মনসিংহ বিভাগঃ** ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা **চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া **রাজশাহী বিভাগঃ** চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ **খুলনা বিভাগঃ** খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া, **রংপুর বিভাগঃ** রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড় **বরিশাল বিভাগঃ** বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা **সিলেট বিভাগঃ** হবিগঞ্জ ও মৌলভীবাজার।

০২। অনলাইনে আবেদনের লিংক: https://project.e-laeltd.com/dyd-48
অনলাইনে দরখাস্ত আগামী ২৩-০৯-২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত দাখিল করা যাবে। সফলভাবে আবেদন দাখিলের পর আবেদনের কপি ডাউনলোড করতে হবে। উল্লেখ্য যে, বৈধ আবেদনকারীদের মেসেজের মাধ্যমে পরীক্ষার তারিখ ও সময় অবগত করা হবে, মেসেজের নির্দেশনা মোতাবেক এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড পূর্বক প্রিন্ট করে সাথে আনতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনের লিঙ্ক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং আবেদন করার কোন সুযোগ থাকবে না।

০৩। বৈধ আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ২৬-০৯-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার স্থান ও সময়সূচী এসএমএস এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষার ফলাফল ২৭-০৯-২০২৫ খ্রি. তারিখে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং এসএমএস এর মাধ্যমে উত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে অবগত করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৮-০৯-২০২৫ খ্রি. তারিখে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ২৯-০৯-২০২৫ খ্রি. তারিখে প্রকাশ করা হবে এবং এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০৪। যুব উন্নয়ন অধিদপ্তরের স্ব-স্ব জেলার উপপরিচালকের সভাপতিত্বে গঠিত ভর্তি কমিটি কর্তৃক প্রশিক্ষণার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক ভর্তি করা হবে। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে আইসিটি/কম্পিউটার এর উপর basic ধারণা এবং ইংরেজিতে দক্ষতা রয়েছে এমন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

০৫। এ প্রশিক্ষণে ভর্তির জন্য কোন প্রকার ফি'র প্রয়োজন হবে না। অধিকন্তু প্রশিক্ষণার্থীরা দৈনিক ২০০/- টাকা হারে যাতায়াত ভাতা এবং প্রশিক্ষণ চলাকালীন দৈনিক মানসম্মত সকালের নাস্তা, দুপুরের খাবার ও বিকালের নাস্তা পাবেন এবং প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

০৬। কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭.৯.২০২৫
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং
প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প